



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর
সরকারী কার্যভবন-১, আত্রাবাদ, চট্টগ্রাম।
ফোন - ৭২৪১৪০, ৭২১৯০২, ফ্যাক্স : ৭২৪৯৫৪
ই মেইল: mmdctgbd@gmail.com

নং -৪০২.০০৮.০১১.০০.০০.০৬.২০১২/

তারিখঃ ১৩-০৮-২০১৭ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

নৌ বাণিজ্য দপ্তর এবং এর আওতাধীন কক্সবাজার, কুতুবদিয়া ও সেন্টমার্টিন বাতিঘর সমূহের জন্য রাজস্ব খাতের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদ পূরণের জন্য স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা	যে সকল বিভাগের প্রার্থী আবেদন করতে পারবেন।
১।	হিসাব রক্ষক	১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩	১ (এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি।	শুধুমাত্র ময়মনসিংহ, সিলেট ও খুলনা বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২।	মেকানিক	৯,৭০০- ২৩,৪৯০/- গ্রেড-১৫	১ (এক) টি	সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে মেকানিক্যাল অথবা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা অথবা এস.এস.সি সহ সরকার অনুমোদিত ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট হতে মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল আর্টিফিসার- এর ট্রেড সার্টিফিকেট পাশ।	শুধুমাত্র ময়মনসিংহ, সিলেট ও খুলনা বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩।	অফিস সহায়ক	৮,২৫০/- ২০,০১০/-গ্রেড-২০	১ (এক) টি	ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ। এস.এস.সি পাশ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	রাজশাহী, খুলনা, রংপুর, ময়মনসিংহ, বরিশাল বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৪।	অফিস সহায়ক (লস্কর) (শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার জন্য সংরক্ষিত)	৮,২৫০/- ২০,০১০/-গ্রেড-২০	১ (এক) টি	ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ।	রাজশাহী, খুলনা, রংপুর, ময়মনসিংহ, বরিশাল বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

- শর্তাবলী:-আগ্রহী প্রার্থীদের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্ধারিত নমুনা ফরমে দরখাস্ত দাখিল করতে হবে। নমুনা ফরম অত্র দপ্তরের নিজস্ব ওয়েব সাইট www.mmd.gov.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- আবেদনকারীর বয়স সীমা আগামী ১২ই সেপ্টেম্বর, ২০১৭ খ্রি: তারিখে ১৮ হতে ৩০ বৎসর, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং তাদের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩২ বৎসর। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে (অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়)। বিভাগীয় প্রার্থীদের বেলায় বয়সসীমা শিথিলযোগ্য।
- প্রার্থীর সাম্প্রতিক তোলা ৩(তিন) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীকে খামের উপর পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটার (প্রযোজ্য ক্ষেত্রে) নাম উল্লেখ করতে হবে। ডাকযোগাযোগের ঠিকানা এবং ১০ (দশ) টাকার ডাক টিকেট সংযুক্ত একটি ফেরত খাম (১০"x৪.৫" ইঞ্চি মাপের) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে নৌ বাণিজ্য দপ্তর, সরকারী কার্যভবন-১, আত্রাবাদ, চট্টগ্রাম-৪১০০৫ আগামী ১২ই সেপ্টেম্বর, ২০১৭ ইং তারিখের মধ্যে ডাকযোগে বা হাতে হাতে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। উক্ত সময়ের পর প্রাপ্ত (যেভাবেই প্রেরণ করা হউক) কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে আবেদন পত্রের সাথে প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, সরকারী কার্যভবন-১, আত্রাবাদ, চট্টগ্রাম-এর বরাবরে কোড নং-১-৫২৩৫-০০০০-২৬৮১ তে ক্রমিক নং-১ ও ২ এ উল্লিখিত পদের জন্য টাকা ১০০/- (একশত), ৩ ও ৪নং পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিয়ে তার মূল কপি সংযুক্ত করতে হবে।
- সরকারী নীতিমালা ও নির্দেশনানুযায়ী এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী (জেলা কোটা বহির্ভূত) মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানদের পুত্র ও কন্যা, উপজাতীয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য এবং জেলা কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- আবেদনকারীদের লিখিত, মৌখিক, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় হাজির হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- সাক্ষাতের সময় সব ধরনের সনদপত্রের মূল কপি দেখাতে হবে।
- অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র অথবা কারও আবেদনপত্রে কোন প্রকার সুপারিশ থাকলে সে সব আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ক্রমিক নং-১ ও ২ পদের জন্য কম্পিউটার জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- প্রার্থীদের নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করাসহ প্রকাশিত বিজ্ঞপ্তি আংশিক সংশোধন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মো: শফিকুল ইসলাম)
প্রিন্সিপাল অফিসার।